

ফায়ন
২৪

কুমিল্লা বোর্ডে এবার জিপিএ-৫ কমেছে

কুমিল্লা (উ.) প্রতিদিন

কুমিল্লা বোর্ডে এ বছর পাসের হার কমেছে। এ বছর পাসের হার শতকরা ৪৬ দশমিক ৮৩ ভাগ। গত বছরের তুলনায় এটি হার ১৬ দশমিক ৬২ ভাগ কম। এছাড়া গত বছরের চেয়ে ২৩৪ জন ছাত্রছাত্রী জিপিএ-৫ কম পেয়েছে। গত বছর কুমিল্লা বোর্ডে জিপিএ-৫ প্রাপ্ত ২৬২১ জন ছাত্রছাত্রীর বিপরীতে এ বছর জিপিএ-৫ প্রাপ্ত ছাত্রছাত্রীর সংখ্যা ২ হাজার ৩৮৭ জন।

কুমিল্লা বোর্ড অফিস সূত্র জানায়, চলতি বছর কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের আওতায় মোট পরীক্ষার্থী ছিল ৯০ হাজার ১২৫ জন। এর মধ্যে অংশগ্রহণ করে ৮৯ হাজার ৮০৩ জন পরীক্ষার্থী। পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে ৪২ হাজার ৫১ জন। পাস করা পরীক্ষার্থীদের মধ্যে ছাত্র সংখ্যা ২৩ হাজার ৬৩১ জন এবং ছাত্রী সংখ্যা ১৮ হাজার ৪২০ জন। বিভাগগোষ্ঠী পাসের হার বিজ্ঞান বিভাগে ৭২ দশমিক ৬০, মানবিক বিভাগে ৩০ দশমিক ৪৪ এবং ব্যবসা শিক্ষায় ৪৫ দশমিক ১৩ ভাগ। মোট ছাত্রছাত্রীদের মধ্যে ছাত্রদের পাসের হার ৫১ দশমিক ৮২ এবং ছাত্রীদের পাসের হার ৪১ দশমিক ৬৭ শতাংশ।

জিপিএ-৫ প্রাপ্ত মোট ২ হাজার ৩৮৭ জন ছাত্রছাত্রীর মধ্যে বিজ্ঞান বিভাগ থেকে সর্বোচ্চ ১ হাজার ৯৮৫, মানবিক বিভাগ থেকে ২০ জন

এবং ব্যবসা শিক্ষা থেকে ৩৮২ জন জিপিএ-৫ পেয়ে উত্তীর্ণ হয়েছে। জিপিএ-৫ পাওয়া পরীক্ষার্থীদের মধ্যে ১ হাজার ৫৯২ জন ছাত্র এবং ৭৯৫ জন ছাত্রী।

বোর্ড সূত্র জানায়, ২০০৬ সালের এসএসসি পরীক্ষায় পরীক্ষার্থী ছিল ৯০ হাজার ৪৪৫ জন। পাসের হার ছিল ৬৩.৪৫ ভাগ।

কুমিল্লা বোর্ডের সেরা ১০ স্কুল এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ ডিগ্রিতে কুমিল্লা শিক্ষা বোর্ডের শীর্ষ ১০টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে শীর্ষে রয়েছে কুমিল্লা জিলা স্কুল। এ স্কুল থেকে জিপিএ-৫ পেয়েছে ২৫৫ জন। ফয়সাবাদ সরকারি উচ্চ বালিকা বিদ্যালয় থেকে জিপিএ-৫ পেয়েছে ১২৯ জন। কুমিল্লা মহান উচ্চ বিদ্যালয় থেকে জিপিএ-৫ পেয়েছে ৯৯ জন। ইম্পাহানি পাবলিক স্কুল এন্ড কলেজ থেকে পেয়েছে ৭৬ জন। চাঁদপুর আল-আমীন একাডেমি থেকে ৭৫, চাঁদপুর হাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয় থেকে ৫৮, ইবনে তাইমিয়া উচ্চ বিদ্যালয় থেকে ৫৭, মাতৃশীট সরকারি উচ্চ বালিকা বিদ্যালয় থেকে ৫৩ জন জিপিএ-৫ পেয়েছে। নোয়াখালী জিলা স্কুল থেকে ৫০ জন এবং কুমিল্লা ক্যান্টনমেন্ট স্কুল থেকে ৪৫ জন জিপিএ-৫ পেয়েছে। এ শীর্ষ দশটি স্কুল থেকে মোট ৮৯৭ জন ছাত্রছাত্রী জিপিএ-৫ পেয়ে পাস করেছে। সেরা ১০টি

স্কুলের মধ্যে ৬টি কুমিল্লা জেলার, ৩টি চাঁদপুর জেলার এবং ১টি নোয়াখালী জেলার।

ছেলেদের এগিয়ে

কুমিল্লা শিক্ষা বোর্ডের এ বছর পাসের হার ৪৬ দশমিক ৮৩ ভাগ। প্রকর্ণিত ফলাফলে মেয়েদের তুলনায় ছেলেদের এগিয়ে। এবারের প্রকর্ণিত ফলাফলে জিপিএ-৫ প্রাপ্ত ২ হাজার ৩৮৭ জন পরীক্ষার্থীর মধ্যে ১ হাজার ৫৯২ জন ছাত্র এবং বাকি ৭৯৫ জন ছাত্রী। এ বছর অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় কুমিল্লা বোর্ড থেকে সর্বমোট ৮৯ হাজার ৮০৩ জন পরীক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে পাস করেছে ৪২ হাজার ৫১ জন ছাত্রছাত্রী। পরীক্ষায় অংশ নেয়া ৮৯ হাজার ৮০৩ জন পরীক্ষার্থীর মধ্যে ৪৫ হাজার ৬৩১ জন ছাত্র এবং ৪৪ হাজার ২০৩ জন ছাত্রী। পাস করা ছাত্র সংখ্যা ২৩ হাজার ৬৩১ জন এবং ছাত্রী সংখ্যা ১৮ হাজার ৪২০ জন। যোগিত ফলাফলে ছেলেদের পাসের হার ৫১ দশমিক ৮২ এবং মেয়েদের পাসের হার ৪১ দশমিক ৬৭ শতাংশ। এবারের এসএসসি পরীক্ষায় কুমিল্লা বোর্ডে মানবিক বিভাগ থেকে সবচেয়ে কম মাত্র ২০ জন পরীক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে। এটি জিপিএ-৫ পাওয়া ২০ জনের মধ্যে ১৪ জন ছাত্রী। ২০০৬ সালের এসএসসি পরীক্ষায়ও কুমিল্লা বোর্ডে মেয়েদের তুলনায় ছেলেদের ভালো রেজাল্ট করেছিল।